বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
হিসাব সমন্বয় বিভাগ।

ফোন ঃ ০২২২৩৩৮৩৯০৬
Emailঃ dgmrecon@krishibank.org.bd
পিএবিএক্স ঃ ২২৩৯
web: www.krishibank.org.bd

নং-প্রকা/সমন্বয়-৬১/২০২২-২০২৩/৪১২ (১২৫০)

তারিখঃ ২৪.০৫.২০২৩ খ্রিঃ

সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়
সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ১১৬-বিকেবি বিভাগীয় সাধারণ হিসাব এবং ১১৫-বিকেবি আঞ্চলিক সাধারণ হিসাবের অনিষ্পন্ন এন্ট্রিসমূহ ১৫.০৬.২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে শতভাগ সমন্বয় প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ০৫/০৯/২০২২, ৩১/১০/২০২২, এবং ১২.০১.২০২৩ খ্রিঃ তারিখের পত্র নং- যথাক্রমে প্রকা/সমন্বয়-৬১/২০২২-২০২৩/৮১, ১২১ এবং ২৪২(১২৫০) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উল্লেখিত হিসাবদ্বয়ের অনিষ্পন্ন এন্ট্রির সংখ্যা ও টাকার পরিমাণ অসমন্বিত থাকায় BKB Risk Management Unit (RMU) এর ২৪/০৮/২০২২ খ্রিঃ তারিখের মাসিক সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক **১১৬-বিকেবি বিভাগীয় সাধারণ হিসাব এবং ১১৫-বিকেবি আঞ্চলিক সাধারণ হিসাবের কাজ শতভাগ সমন্বয়ের পর খাত দুটি বন্ধ করার সিদ্ধান্ত কার্যকর করা যাচ্ছে না**। উক্ত হিসাব খাতের শতভাগ সমন্বয় বিষয়ে বিগত ১২/০২/২০২৩ খ্রিঃ এবং ২১/০৩/২০২৩ খ্রিঃ তারিখে অত্র ব্যাংকের বিভাগীয় কার্যালয়ের সকল মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়ের উপমহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক কর্পোরেট শাখাসমূহ এবং সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকদের অংশগ্রহনে দুইটি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। অত্র বিভাগ হতে উল্লেখিত হিসাবের অনিষ্পন্ন এন্ট্রিসমূহ সমন্বয় করার জন্য মাঠ পর্যায়ে ইতোপূর্বে একাধিক নির্দেশনার মাধ্যমে পত্র প্রেরণ ও টেলিফোনিক যোগাযোগ এবং পরপর দুইটি ভিডিও কনফারেন্স করা হলেও কতিপয় মুখ্য অঞ্চলিক/ অঞ্চলিক কার্যালয়ের হিসাব সমন্বয়ের কাজে গাফিলতি পরিলক্ষিত হচ্ছে যার দরুণ শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হচ্ছে না।

০৩। এমতাবস্থায়, ১১৬-বিকেবি বিভাগীয় সাধারণ হিসাব এবং ১১৫-বিকেবি আঞ্চলিক সাধারণ হিসাবের অনিষ্পন্ন এন্ট্রিসমূহ নিষ্পন্ন পূর্বক হালনাগাদ প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের পাশাপাশি আগামী ১৫/০৬/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে সকল অনিষ্পন্ন এন্ট্রি সমূহ শতভাগ নিষ্পন্ন করার জন্য চুড়ান্তভাবে সময় বর্ধিত করা হলো। **উল্লেখ্য যে, ১৫/০৬/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে পুরাতন অনিষ্পন্ন এন্ট্রিসমূহ নিষ্পন্ন না করার কারণে যদি কোন প্রকার জাল-জালিয়াতি/অর্থ আত্মসাত অথবা প্রভিশন সংরক্ষণ করতে হয় তবে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, শাখা ব্যবস্থাপক, ২য় কর্মকর্তা এবং বিভাগীয় কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের হিসাব সমন্বয় সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে দায়-দায়িত্ব নির্ধারণ করে জবাবদিহিতার আওতায় আনা হবে।**

০৪। অত্র পত্রসাথ সংযুক্তি মোতাবেক বিভাগীয় কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ে হিসাব সমন্বয় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর তথ্য জরুরী ভিত্তিতে হিসাব সমন্বয় বিভাগে প্রেরণের জন্য সকল বিভাগীয় মহাব্যবস্থাপকদের অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ **বর্ণনামতে।**

আপনার বিশ্বস্ত

(খান ইকবাল হোসেন)
উপব্যবস্থাপনা পরিচালক-২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩. সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
৪. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিংবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (**পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো**)।
৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭. নথি।

(মোহাম্মদ শহিদুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

## বাংলাদেশ কৃষি ব্যাংক

................. বিভাগীয় কার্যালয়,

.......................... ।

১১৬-বিকেবি বিভাগীয় সাধারণ হিসাব এবং ১১৫-বিকেবি আঞ্চলিক সাধারণ হিসাবের হিসাব সমন্বয় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর তথ্যঃ

| হিসাব খাত | বিভাগীয়/ আঞ্চলিক কার্যালয়ের নাম | কর্মকর্তা/ কর্মচারীর নাম | পদবী | ভঃ তঃ সূচক নং | মোবাইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| ১১৬ | | | | | | |
| ১১৫ | | | | | | |

অনুমোদিত কর্মকর্তা

সহকারী মহাব্যবস্থাপক